# ফরিদপুর পৌরসভা
## ফরিদপুর, বাংলাদেশ।

স্মারক নং- ফঃপৌরঃসাধাঃ/২০২৪/ ৯৩৯; তারিখঃ ০১.১২.২০২৪খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখা এর স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৩.১১.০০৮.২২-১২২৯, তারিখঃ ০৫ অগ্রহায়ন ১৪৩০ বঙ্গাব্দ, ২০ নভেম্বর ২০২৪ এর ছাড়পত্রের আলোকে ফরিদপুর পৌরসভা কার্যালয়ে নিম্নবর্ণিত শুণ্যপদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্তে নিম্নের শর্তানুযায়ী উপযুক্ত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকবৃন্দের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য বিবেচনাযোগ্য পদের সংখ্যা | বেতনক্রম (জাতীয় বেতন ক্রম ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সার্ভেয়ার | ০১ (এক)টি | ৯৭০০-২৩৪৯০ | স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সার্ভেয়ারশীপ অথবা সাবওভারশীপ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০২ | সহকারী কর আদায়কারী | ০১(এক)টি | ৯৭০০ -২৩৪৯০ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি। |
| ০৩ | সহকারী এ্যাসেসর | ০১(এক)টি | ৯৭০০ -২৩৪৯০ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি। |
| ০৪ | লাইসেন্স পরিদর্শক | ০১(এক)টি | ৯৭০০ -২৩৪৯০ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি। |
| ০৫ | কসাইখানা পরিদর্শক | ০১(এক)টি | ৯৭০০ -২৩৪৯০ | এস.এস.সি বিজ্ঞান এবং পশু চিকিৎসা বিজ্ঞানে সর্ট সার্টিফিকেট পাশ থাকিতে হইবে। |
| ০৬ | নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক (সাধারণ শাখা) | ০১(এক)টি | ৯৩০০-২২৪৯০ | উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলায় ৩০ এবং ইংরেজীতে ৪০ শব্দের গতি থাকিতে হইবে। পৌরসভায় কর্মরত ৪র্থ শ্রেণির কর্মচারীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য তবে এই পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। কম্পিউটার অপারেটিং এর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৭ | সুপারভাইজার (কঞ্জারভেন্সি) | ০১(এক)টি | ৯৩০০-২২৪৯০ | এইচ.এস.সি পাশ। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা |
| ০৮ | পাম্প চালক | ০২(দুই)টি | ৯৩০০-২২৪৯০ | ৮ম শ্রেণি পাস। সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হবে। সার্টিফিকেটধারীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৯ | পাইপ লাইন মেকানিক | ০১(এক)টি | ৯০০০-২১৮০০ | ৮ম শ্রেণি পাস। পাম্প চালনা ও পানি সরবরাহের কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হবে। |
| ১০ | প্রহরী (পাম্পের জন্য) | ০২(দুই)টি | ৮২৫০- ২০০১০ | ৮ম শ্রেণি পাশ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইতে হইবে। |

### আবেদনকারীদের জন্য অনুস্মরণীয় শর্তাবলীঃ

০১। **আবেদনকারীর বয়স ০১ ডিসেম্বর'২০২৪ খ্রিঃ তারিখে অবশ্যই ১৮ বছর হতে ৩২ বছরের মধ্যে হতে হবে।**

০২। ইচ্ছুক প্রার্থীগণের লিখিত দরখাস্তে যা সন্নিবেশিত হতে হবে।
(ক) নাম (স্পস্টাক্ষরে), (খ) পিতা / স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ (ছ) ০১ ডিসেম্বর'২০২৪ খ্রিঃ প্রার্থীর বয়স, (জ) জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা,(ঞ) ধর্ম, (ট) অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।

০৩। দরখাস্ত প্রশাসক, ফরিদপুর পৌরসভা বরাবরে **বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ২২ ডিসেম্বর '২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে** ডাকযোগে / সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন দরখাস্ত গ্রহণযোগ্য হবে না।

০৪। দরখাস্তের সথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত ছায়ালিপি।
(খ) সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।
(গ) সিটিকর্পোরেশন / পৌরসভা / ইউনিয়ন পরিষদ এর প্রশাসক / চেয়ারম্যান এর নিকট হতে জাতীয়তা (নাগরিকত্ব) সনদ এবং জন্ম সনদের সত্যায়িত ছায়ালিপি।
(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ পত্র।
(ঙ) প্রত্যেক আবেদনকারীকে দরখাস্তের সাথে অবশ্যই প্রশাসক, ফরিদপুর পৌরসভার অনুকুলে বাংলাদেশের যে কোন তফশিলভুক্ত ব্যাংক হতে ৫০০/- (টাকা পাঁচ শত মাত্র) অফেরতযোগ্য পে অর্ডার আকারে দাখিল করতে হবে।

০৫। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন পত্র দাখিল করতে হবে। এ ক্ষেত্রে আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৬। লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে অবহিত করা হবে।

০৭। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

০৮। সরকারি বিধি মোতাবেক সকল কোটা অনুসরণ করা হবে। (কেবলমাত্র লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে কোটা পদ্ধতি অনুসরণ করা হবে)

০৯। এ নিয়োগে পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এবং এ সংক্রান্ত অন্যান্য বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১০। নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের যাবতীয় বেতন-ভাতাদি পৌরসভার নিজস্ব/ রাজস্ব তহবিল হতে প্রদান করা হবে।

১১। পূর্ণাঙ্গ ফেরত ঠিকানাসহ, ১০ (দশ) টাকার ডাকটিকেট সম্বলিত ০১টি খাম (১০ ইঞ্চি x ৪.৫ইঞ্চি) আবেদন পত্রের সাথে প্রেরণ করতে হবে।

১২। আবেদনপত্রের খামের উপর স্পষ্ট অক্ষরে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।

১৩। **ইতিপুর্বে যারা আবেদন করেছেন তাদের আর নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।**

১৪। ত্রুটিপুর্ণ বা অসম্পূর্ণ দরখাস্ত বিবেচনা করা হবে না।

১৫। কোন তথ্য গোপন করে, ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করতঃ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক বা সম্পুর্ন পরিবর্তন, পরিবর্ধন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০১/১২/২৪

(চৌধুরী রওশন ইসলাম)
প্রশাসক
ফরিদপুর পৌরসভা।